

উপজেলা পরিষদ মৎস্য ও প্রাণিসম্পদ স্থায়ী কমিটির অক্টোবর/২০২১ মাসের কার্যবিবরণী

সভাপতিঃ-মিসেস কামরুন নাহার হাই,
মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ,
মোংলা, বাগেরহাট।

সভার স্থান : সিনিয়র উপজেলা মৎস্য অফিসারের কার্যালয়, মোংলা, বাগেরহাট।

তারিখ ও সময়ঃ ১৮/১০/২০২১ খ্রিঃ বিকাল-৩.০০ ঘটিকা।

সভায় উপস্থিত সদস্যবৃন্দঃ- পরিশিষ্ট-ক

সভার উপস্থিত সকল সদস্যগণকে স্বাগত জানিয়ে অধ্যকার সভাপতি মহোদয় সভার কাজ শুরু করেন। সভার শুরুতে অত্র কমিটির সদস্য সচিব মোঃ জাহিদুল ইসলাম, সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা, জানান যে, অত্র উপজেলায় যে চিংড়ি মাছের পোনা আহরণ ও অন্যান্য মাছের পোনা বন্ধের নিমিত্তে বিশেষ কৃষি অপারেশন পরিচালনা কার্যক্রম চলছে। এব্যাপারে তিনি কৃষি অপারেশন কার্যক্রম সফলভাবে সহযোগিতা করার জন্য সকলকে অনুরোধ করেন।

আলোচ্য বিষয়ঃ-

- (১) মৎস্য দপ্তরের চলমান কার্যক্রম।
- (২) উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্প হতে প্রশিক্ষণ উপ-প্রকল্প গ্রহণ প্রসঙ্গে।
- (৩) উপজেলা মৎস্য দপ্তরে বৈদ্যুতিক লাইন মেরামত ও বৈদ্যুতিক পাখা ক্রয় সংক্রান্ত।
- (৪) বিবিধ।

১। নং বিষয় সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা, জনাব মোঃ জাহিদুল ইসলাম, মোংলা, বাগেরহাট জানান যে, অক্টোবর/২০২১ মাসে মা ইলিশ সংরক্ষণ অভিযান-২০২১ চলমান রয়েছে। চলতি মাসে অভিযান এবং মোবাইল কোর্টের মাধ্যমে ১০,০০০ মিটার বেহুন্দি জাল আটক করা হয় এবং উক্ত আটককৃত জাল উপজেলা প্রশাসনের সহযোগিতায় পুড়িয়ে ফেলা হয়। তিনি আরো জানান যে অক্টোবর মাসে সাসটেইনেবল কোষ্টাল এন্ড মেরিন ফিশারিজ প্রজেক্ট এর আওতায় ০২ ব্যাচে ৫০ জন সমুদ্রগামী জেলেদের প্রশিক্ষণ প্রদান করা হবে।

২। নং আলোচ্য বিষয়ঃ সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা, জনাব মোঃ জাহিদুল ইসলাম, মোংলা, বাগেরহাট জানান যে, উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্প হতে দপ্তর ভিত্তিক উপকারভোগীদের সক্ষমতা বৃদ্ধিমূলক প্রশিক্ষণ প্রদানের সুযোগ রয়েছে। মোংলা উপজেলায় পর্যাপ্ত ঘেরে মাছ, চিংড়ি ও কাঁকড়া চাষ চলমান রয়েছে। কিন্তু পর্যাপ্ত প্রশিক্ষণের অভাবে ঘের চাষীরা আধুনিক পদ্ধতিতে মাছ, চিংড়ি ও কাঁকড়া চাষ না করায় চাষীরা লাভবান হতে পারছেন না। একারণে অত্র উপজেলায় আধুনিক পদ্ধতিতে মাছ, চিংড়ি ও কাঁকড়া চাষ প্রশিক্ষণটি বিশেষ প্রয়োজন।

(৩) উপজেলা মৎস্য দপ্তরে বিদ্যুৎ লাইন মেরামত ও বৈদ্যুতিক পাখা ক্রয় জরুরী হয়ে পড়েছে। বিদ্যুৎ লাইন অকোজ থাকায় অফিসের স্বাভাবিক কার্যক্রম চালাতে মারাত্মক সমস্যার সৃষ্টি হচ্ছে এ ব্যাপারে তিনি অত্র সভার সভাপতির দৃষ্টি আকর্ষণ করেন।

সিদ্ধান্তবলীঃ

১। সভাপতি মহোদয় চিংড়ি ও কাঁকড়া প্রশিক্ষণ প্রকল্প গ্রহণ ও উপজেলা মৎস্য অফিস মোংলা, বাগেরহাট এর বৈদ্যুতিক লাইন মেরামত ও বৈদ্যুতিক পাখা ক্রয়ের জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের পদক্ষেপ নেয়ার জন্য সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা, মোংলা, বাগেরহাটকে অনুরোধ করা হলো।

সভায় আলোচনার আর কিছু না থাকায় অধ্যকার সভার সভাপতি মহোদয় সকলকে ধন্যবাদ জানিয়ে সভার কাজ শেষ করেন।

১৮/১০/২০২১
(মিসেস কামরুন নাহার হাই)

সভাপতি

উপজেলা পরিষদ মৎস্য ও প্রাণিসম্পদ স্থায়ী কমিটি

ও

উপজেলা ভাইস চেয়ারম্যান


মোংলা, বাগেরহাট।

পত্র নং- ৩৩.০২.০১৫৮.৫০১.৩৪.০০২. ২০২০-২০২

তারিখঃ ১৮/১০/২০২১ খ্রিঃ

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো।

- ১। জনাব মোঃ ইকবাল হোসেন, ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, মোংলা, বাগেরহাট।
- ২। চেয়ারম্যান সোনাইলতলা ইউনিয়ন পরিষদ, মোংলা, বাগেরহাট।
- ৩। চেয়ারম্যান সুন্দরবন ইউনিয়ন পরিষদ, মোংলা, বাগেরহাট।
- ৪। জনাব ----- মোংলা, বাগেরহাট।
- ৫। দপ্তর নথি।



১৮/১০/২১

(মোঃ জাহিদুল ইসলাম)
সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা
ও




সদস্য সচিব
উপজেলা পরিষদ মৎস্য ও প্রাণিসম্পদ স্থায়ী কমিটি
মোংলা, বাগেরহাট।

উপজেলা পরিষদ মৎস্য ও প্রাণিসম্পদ স্থায়ী কমিটির সভায় উপস্থিত সদস্যবৃন্দঃ-

সভার তারিখ ও সময় :- ১৮/১০/২০২১ খ্রিঃ বেলা ৩.০০ ঘটিকা।

সভার স্থান : সিনিয়র উপজেলা মৎস্য অফিসার এর দপ্তর,
মোংলা, বাগেরহাট।

সভায় উপস্থিত সদস্যবৃন্দঃ-

ক্রমিক নং	কর্মকর্তার নাম ও পদবী	মোবাইল নম্বর	স্বাক্ষর
০১.	ডাক্তার মোঃ হুমায়ুন কবীর উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা	০১৭ ৩৫২১৭৮৩৬	
০২.	ডাক্তার মাহিনুর রেজা মাহিনুর চেয়ারম্যান, মোংলা উপজেলা মৎস্য ও প্রাণিসম্পদ	০১৭ ১৫-১৬৬৭৫৬	
০৬.	চেয়ারম্যান মুন্সিংগ ইন্ডিয়া		
০৪	ইঞ্জিনিয়ার মোঃ মোস্তাফিজুর রহমান		
০৫	মোঃ জাহিদুল ইসলাম সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা মোংলা, বাগেরহাট	০১৭ ৬৭-৭৫৭ ৫৪১	